প্রথম আলো

তারিখ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

সাত কলেজের শিক্ষার্থীদের সঙ্গে উপাচার্যের বৈঠক

# ফল প্রকাশের আশ্বাসে আন্দোলন স্থগিত

নিজস্ব প্রতিবেদক ●

নভেম্বরের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাতটি সরকারি কলেজের স্নাতক (সম্মান) চতুর্থ বর্ষের ফল প্রকাশের আশ্বাস দিয়েছেন বিশ্ববিদ্যালয়টির উপাচার্য মো. আখতারুজ্জামান। এমন আশ্বাসে ৩০ নভেম্বর পর্যন্ত আন্দোলন স্থগিত করেছেন শিক্ষার্থীরা।

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের সঙ্গে আন্দোলনকারী শিক্ষার্থীদের প্রতিনিধিদলের বৈঠকে এই আশ্বাস ও আন্দোলন স্থগিতের ঘোষণা দেওয়া হয়। বৈঠক মধ্যস্থতা করে ছাত্রলীগ। আন্দোলনকারী ছাত্রদের একজন কবি নজরুল সরকারি কলেজের ফয়জুর মেহেদী সাংবাদিকদের বলেন, উপাচার্যের আশ্বাসে আন্দোলন স্থগিত করা হয়েছে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ব্যাখ্যা**

গত সোমবার *প্রথম আলোয়* প্রকাশিত 'আট মাসেও দ্বন্দ্ব কাটেনি দুই বিশ্ববিদ্যালয়ের' শীর্ষক প্রতিবেদনের বিষয়ে গতকাল ব্যাখ্যা দিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্যের সময় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কাছে ৭ কলেজের শিক্ষার্থীদের পরীক্ষাসংক্রান্ত তথ্য চাওয়া হলে ১৯ প্রকারের তথ্য দেওয়া হয়। তাদের দাবি, উপাচার্যদের মধ্যে দ্বন্দ্ব ও সুসম্পর্ক-সংক্রান্ত তথ্যও অসত্য।

**প্রতিবেদকের বক্তব্য**

সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে প্রতিবেদনটি করা হয়েছে। বরং বিশ্ববিদ্যালয়ের বক্তব্যে চলতি বছরের ১৬ জানুয়ারি সাত কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংযুক্তির সিদ্ধান্ত হয় বলে বলা হয়েছে। প্রকৃতপক্ষে ১৬ ফেব্রুয়ারি এই সিদ্ধান্ত হয়েছিল।